# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কুরআন তিলাওয়াত শুরু করার পূর্বে শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করুন এবং আল্লাহর নাম নিয়ে শুরু করুন

কেননা শয়তান চায় না যে, আপনি আল্লাহর বাণী পাঠ করুন। পাঠ করলেও সে আপনার মনকে অন্য স্থানে ফিরিয়ে নিয়ে যেতে চেষ্টা করে। ফলে কুরআনে মনোযোগ থাকে না, অর্থ বুঝে পড়তে মন বসে না অথবা পড়তে ভুল হয়ে যায়। সেই জন্যই মহান আল্লাহ নির্দেশ দিয়ে বলেন,

فَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَعِذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

অর্থাৎ, যখন তুমি কুরআন পাঠ করবে, তখন অভিশপ্ত শয়তান হতে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা কর।[1]

অতএব তিলাওয়াত শুরু করার পূর্বে বলুন, ‘আঊযু বিল্লাহি মিনাশ শায়ত্বানির রাজীম।’

অতঃপর ‘বিসমিল্লাহির রাহমানির রাহীম’ বলে কুরআন পাঠ শুরু করুন। শুরু সূরা থেকে পড়তে আরম্ভ করলে ‘বিসমিল্লাহ---’ পড়ুন। অবশ্য মাঝ সূরা থেকে পড়তে আরম্ভ করলে ‘বিসমিল্লাহ--’ নাও বলতে পারেন।

## ফুটনোট

[1]. সূরা নাহল-১৬:৯৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=7909

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন